



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
ভূমি ও রাজস্ব পরিদপ্তর  
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
২১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭৫.০০০৩.২৩.১২৫

**বিষয়: বাপাউবো এর মালিকানাধীন জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদকরণ এবং উদ্ধারকৃত জমির চতুর্দিকে কাঁটাতারের বেড়া স্থাপনপূর্বক বৃক্ষ রোপণ এবং জমির তফসিল ও এলএ কেস এর তথ্যসহ সাইনবোর্ড স্থাপন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত ১৩/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভায় মহাপরিচালক মহোদয় কর্তৃক “বাপাউবো এর সকল অধিগ্রহণকৃত জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। অবৈধ দখল উচ্ছেদের পর কাঁটাতারের বেড়া দিয়ে তা সংরক্ষণ করতে হবে। কাঁটাতারের বেড়ার পাশ দিয়ে গাছ লাগাতে হবে।” মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলীগণ, প্রধান প্রকৌশলী (পওর) এবং পরিচালক (ভূমি ও রাজস্ব) এর প্রতি সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। উল্লেখ্য যে বিগত ৩১/০৭/২০২৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব এবং অধিগ্রহণকৃত জমিসহ মালিকানাধীন মোট জমির পরিমাণ ২,২২,৬১৯.৭৫ একর (কম/বেশি)। তন্মধ্যে ৩,৪৯৯.৯১ একর (কম/বেশি) জমি অদ্যাবধি বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অবৈধ দখলে রয়েছে। বর্তমান অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর ১৫০২.৩০ একর জমি ইতিমধ্যেই অবৈধ দখল হতে উদ্ধার করা হয়েছে। এ উদ্ধারকৃত জমির চতুর্দিকে কাঁটাতারের বেড়া স্থাপনপূর্বক বেড়ার পার্শ্ব বরাবর বৃক্ষ রোপণের মাধ্যমে বাপাউবো এর অনুকূলে দখলীসত্ত্ব নিশ্চিত করার আবশ্যিকতা রয়েছে। পাশাপাশি জমির তফসিল ও এলএ কেস এর তথ্যসহ উক্ত উদ্ধারকৃত জমিতে সাইনবোর্ড স্থাপন করা সমীচীন।

৩। বর্ণিত অবস্থায়, নিজ নিজ দপ্তরাধীন অবৈধদখলকৃত জমি হতে দখলদারদের উচ্ছেদকরণ এবং ইতিমধ্যে উদ্ধারকৃত জমির দখলীসত্ত্ব নিশ্চিতকল্পে উদ্ধারকৃত জমির সীমানা চিহ্নিত করে চতুর্দিকে কাঁটাতারের বেড়া স্থাপনপূর্বক বেড়ার পার্শ্ব বরাবর বৃক্ষ রোপণ এবং জমির তফসিল ও এলএ কেস এর তথ্যসহ সাইনবোর্ড স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হলো।

৪। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২১-০৮-২০২৫

মোঃ ছাইফুল ইসলাম  
পরিচালক (ভূমি ও রাজস্ব) (ভারপ্রাপ্ত)  
০২২২২২৩০০৫৬  
dir.land@bwdb.gov.bd


নির্বাহী প্রকৌশলী (সকল)  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭৫.০০০৩.২৩.১২৫/১ (১৩)

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
২১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পওর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ২। প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৩। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৪। প্রধান প্রকৌশলী, (সকল) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (সার্কোলাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৮। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) সকল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ১১। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা, নকশা ও গবেষণা)।
- ১৩। অফিস কপি, মাস্টার কপি।



২৪-০৮-২০২৫

মোঃ জহিরুল ইসলাম  
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)